দৈনিক বাংলা

তারিখ 08 JAN 1995
পৃষ্ঠা ১ কলাম ৪

# রাজধানীর স্কুলে ভর্তি পরীক্ষা শুরু অভিভাবকদের উৎকণ্ঠা

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার ঃ** রাজধানীর সরকারী-বেসরকারী স্কুলগুলিতে এখন ভর্তি পরীক্ষা চলছে। প্রাথমিক শ্রেণীসমূহে আসন সংখ্যার চেয়ে ভর্তিচ্ছু ছেলেমেয়ের সংখ্যা অনেক বেশী। কোন কোন স্কুলে আসন সংখ্যা অনুপাতে ২৫ গুণ বেশী আবেদন পড়েছে। ভর্তি সমস্যা নিয়ে অভিভাবক মহলের উৎকণ্ঠা ও বিড়ম্বনার শেষ নেই।

শনিবার রাজধানীর উইলস লিটল ফ্লাওয়ার স্কুলের নার্সারী শ্রেণীর ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে।

স্কুলের শিক্ষক গোবিন্দ চন্দ্র ঘোষ জানান, নার্সারীতে আবেদনপত্র বিতরণ করা হয়েছিল ৪শ। এর মধ্যে বাছাই করার পর ৩শ আবেদনপত্র গৃহীত হয়। গতকাল তিনশ (নার্সারীতে ভর্তির জন্য) আবেদনকারীর ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়। তিনি জানান, এই স্কুলে কোন ক্লাসেই নির্দিষ্ট কোন আসন নির্ধারিত নাই।

উইলস লিটল ফ্লাওয়ার স্কুলে আজ রোববার আরো দুটি শ্রেণীর ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। শ্রেণী দুটি হচ্ছে প্রথম শ্রেণী ও শিশু শ্রেণী। এই দুটি শ্রেণীর প্রথম শ্রেণীতে ভর্তির আবেদন পড়েছে ২৫০টি এবং কেজি শ্রেণীতে ১৫০টি।

পরীক্ষার ফল প্রকাশ করা হবে আগামী ১২ জানুয়ারী।

এদিকে ভিকারুননেসা নুন স্কুলের দুটি শিফটের মধ্যে মর্নিং শিফটের ভর্তি পরীক্ষা গত বৃহস্পতিবার শেষ হয়েছে। ডে-

(৫-এর পৃঃ দ্রঃ)

## রাজধানীর স্কুলে ভর্তি পরীক্ষা শুরু অভিভাবকদের উৎকণ্ঠা

(প্রথম পৃষ্ঠার পর)

শিফটের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে আগামী ১০ ও ১১ জানুয়ারী।

এই স্কুলে দুই শিফটে সর্বসাকল্যে ভর্তি হতে পারবে ৪শ ছাত্রী। ভর্তির আবেদনপত্র প্রথম শ্রেণীতে পড়েছে প্রায় ১০ হাজার।

মতিঝিল আইডিয়াল স্কুলে আজ রোববার ফরম বিতরণের শেষ দিন। এ স্কুলে ভর্তি পরীক্ষা শুরু হবে আগামী ১১ জানুয়ারী থেকে। এদিন ৬ষ্ঠ, সপ্তম ও নবম শ্রেণীর ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। প্রথম শ্রেণীতে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে আগামী ১৩ জানুয়ারী। এছাড়া ১৫ জানুয়ারী দ্বিতীয় ও চতুর্থ এবং ১৮ জানুয়ারী তৃতীয় শ্রেণীর ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে।

এ স্কুলে প্রথম শ্রেণীতে ৮০ জন, দ্বিতীয় শ্রেণীতে ১শ ও তৃতীয় শ্রেণীতে ১১৫ জন শিক্ষার্থী ভর্তি করা হবে। এবছর ৮০টি আসনের জন্য প্রায় ৫ হাজার আবেদন পড়েছে। গতবছর একই আসনে আবেদনপত্র পড়েছিল তিন হাজার দুইশ।'

ধানমন্ডি গার্লস হাইস্কুলে আবেদনপত্র দেয়া শুরু হয়েছে। আগামী ১৪ জানুয়ারী ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে।

মতিঝিল বয়েজ হাইস্কুলে প্রথম ও ৬ষ্ঠ শ্রেণীর ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। আবেদনপত্র জমা দেয়ার শেষ দিন আগামী ১২ জানুয়ারী। ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে আগামী ১৪ জানুয়ারী। প্রথম শ্রেণীতে আসন সংখ্যা ১৫০ ও ৬ষ্ঠ শ্রেণীতে মাত্র ৫০টি।

ধানমন্ডি আরব মিশন পাবলিক স্কুলের বিভিন্ন শ্রেণীতে আবেদনপত্র সংগ্রহের শেষ তারিখ ১১ জানুয়ারী। ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে আগামী ১৩ ও ১৪ জানুয়ারী।

ইঞ্জিনীয়ারিং ইউনিভার্সিটি স্কুলে আবেদনপত্র জমা দেয়ার শেষ দিন ছিল বৃহস্পতিবার। সর্বসাকল্যে আসন সংখ্যা ৪৬। এই স্কুলে শুধুমাত্র ইঞ্জিনীয়া... ইউনিভার্সিটির আওতাভুক্ত ছাত্ররা ভর্তির সুযোগ পাবে।

সরকারী ল্যাবরেটরী স্কুলে আবে...পত্র জমা দেয়ার শেষ দিন আগামী ১০ জানুয়ারী। পরীক্ষা অনুষ্ঠিত হবে ১৪ জানুয়ারী। প্রথম শ্রেণীতে দু'শ ও ৬ষ্ঠ শ্রেণীতে ৪০ জন ছাত্র ভর্তি করা হবে।

উদয়ন আদর্শ বিদ্যালয়ের প্রথম শ্রেণীর ভর্তি পরীক্ষা শেষ হয়েছে। এ শ্রেণীতে আবেদনপত্র পড়েছিল ১ হাজার। আসন সংখ্যা ২শ। অন্যান্য শ্রেণীর স্বল্পসংখ্যক আসনের জন্য ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। গত বৃহস্পতিবার থেকে আবেদনপত্র দেয়া শুরু হয়েছে।

কোন কোন স্কুলে ডোনেশনের মাধ্যমে ছাত্রছাত্রীদের ভর্তি করা হয়। এই ডোনেশনের পরিমাণ স্কুল ভেদে একেক রকম।